



জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২৫৪

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০ (এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: www.bu.ac.bd



প্রেস-রিলিজ

ববি উপাচার্যের সাথে বিভাগীয় চেয়ারম্যান ও ছাত্র উপদেষ্টাদের মতবিনিময় সভা অনুষ্ঠিত

বরিশাল বিশ্ববিদ্যালয়, ২৫ ফেব্রুয়ারি ২০২১খ্রিঃ

বরিশাল বিশ্ববিদ্যালয়ের ৬টি অনুষদের অধীন ২৪টি বিভাগের বিভাগীয় প্রধান ও ২৪টি বিভাগের ৪৮জন ছাত্র উপদেষ্টাদের সাথে বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন-এর এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। অদ্য ২৫ ফেব্রুয়ারি ২০২১ তারিখ দুপুর ১২টায় বিশ্ববিদ্যালয়ের জীবনানন্দ দাশ কনফারেন্স হলে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় উপাচার্য মহোদয় সাম্প্রতিক সময়ে ঘটে যাওয়া বরিশাল বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের উপর হামলা এবং তৎপরবর্তী বিশ্ববিদ্যালয় প্রশাসনের গৃহীত বিভিন্ন পদক্ষেপ নিয়ে বিস্তারিত আলোচনা করেন। ভবিষ্যতে এ ধরনের অনাকাঙ্ক্ষিত ঘটনার যাতে পুনরাবৃত্তি না ঘটে সে বিষয়ে সবাইকে সচেতন থাকার আহ্বান জানান উপাচার্য মহোদয়। একইসাথে বিভাগীয় প্রধান ও ছাত্র উপদেষ্টাদের শিক্ষার্থীদের সাথে আরও নিবিড়ভাবে যোগাযোগ স্থাপনের পরামর্শ প্রদান করেন। আগামীতে শিক্ষার্থীদের সাথে যদি কোন ধরনের অপ্রীতিকর ঘটনা ঘটে তাহলে সাথে সাথে তা বিশ্ববিদ্যালয়ের প্রক্টর, বিভাগীয় চেয়ারম্যান, ছাত্র উপদেষ্টাদেরকে অবগত করার পরামর্শ দিয়ে উপাচার্য মহোদয় এ বিষয়ে ছাত্র উপদেষ্টাদেরকে শিক্ষার্থীদের বুঝানোর আহ্বান জানান। উপাচার্য মহোদয় সাম্প্রতিক পরিস্থিতিতে বিশ্ববিদ্যালয়ের স্থিতিশীলতা বজায় রাখতে ববি পরিবারের সকলকে পাশে পাওয়ায় তাদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। মতবিনিময় সভায় অন্যান্যদের মধ্যে বিশ্ববিদ্যালয়ের প্রক্টরসহ ছাত্র নির্দেশনা ও পরামর্শ কেন্দ্রের কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস